ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩৫৫
আগরতলা, ২২ অক্টোবর, ২০২৫

**জিরানীয়ায় পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক রাষ্ট্রীয় পোষণ মাহ উদযাপন**

জিরানীয়ার গুরুকুল কমিউনিটি হলে আজ পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক অষ্টম রাষ্ট্রীয় পোষণ মাহ উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল বলেন, রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের মূল উদ্দেশ্য হল সমাজের অন্তিম ব্যক্তিকেও উন্নয়নের মূল স্রোতে যুক্ত করা। পুষ্টি ও স্বাস্থ্য রক্ষার বিষয়ে মা বোনদের আরও বেশি করে সচেতন করে তুলতে হবে। পাশাপাশি বাল্যবিবাহ প্রতিরোধেও সকলকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানীয়া মহকুমার মহকুমা শাসক অনিমেষ ধর, পশ্চিম ত্রিপুরা জেলার ডিআইএসই দীপকলাল সাহা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা বিজন চক্রবর্তী, জিরানীয়ার সিডিপিও শ্রাবণী রায় প্রমুখ। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন জিরানীয়া নগরপঞ্চায়েতের চেয়ারম্যান রতন কুমার দাস, জিরানীয়া ব্লকের বিডিও তুষার আলম, পশ্চিম ত্রিপুরা জেলার সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য পার্থ সারথী সাহা, সমাজসেবী রঞ্জিত রায় চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে ৫ জন গর্ভবতী মহিলাকে পোষণ কিট এবং ৫ জন মহিলাকে প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনায় অর্থরাশির চেক তুলে দেওয়া হয়।

******